তারিখ 13 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# কারিগরি শিক্ষায় প্রতিবন্ধী নারীদের কর্মসংস্থান

## ‘প্রান্তিক তৃণমূল প্রতিবন্ধী নারীর ক্ষমতায়ন ও আমাদের করণীয়’ শীর্ষক সেমিনার

■ ইত্তেফাক রিপোর্ট

প্রতিবন্ধী নারীরা অনেক বেশি বৈষম্য ও নির্যাতনের শিকার। সমাজের এসব নারীর এগিয়ে নিতে তাদের কর্মসংস্থানের সুযোগ দিতে হবে। তৃণমূলের প্রতিবন্ধী নারীদের ক্ষমতায়নে কারিগরি শিক্ষার মাধ্যমে তাদের বেশি করে কর্মসংস্থানের সুযোগ দিতে হবে। উপজেলা ভিত্তিক তাদের কাজের ব্যবস্থা রাখতে হবে এবং তাদের যাতায়াত সুবিধা দিতে হবে। ব্যাংক ঋণের সুযোগসহ তাদের সাফল্যের কথা গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা রাখতে হবে।

গতকাল মঙ্গলবার সকালে জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে ‘প্রান্তিক তৃণমূল প্রতিবন্ধী নারীর ক্ষমতায়ন ও আমাদের করণীয়’ শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। ইউএসএআইডি বাংলাদেশ-এর সহযোগিতায় ডিজএ্যাবল্ড চাইল্ড ফাউন্ডেশন (ডিসিএফ) এই সেমিনারের আয়োজন করে।

প্রধান অতিথির বক্তব্যে আইন, বিচার ও সংসদ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আব্দুল মতিন খসরু বলেন, বর্তমান সরকার প্রতিবন্ধী মানুষের অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। প্রতিবন্ধী নারীদের ক্ষমতায়নে অনুকম্পা নয় বরং দরকার ইতিবাচক সুযোগ তৈরি করে দেওয়া। প্রান্তিক তৃণমূল প্রতিবন্ধী নারীর ক্ষমতায়নের জন্য আমাদের দরকার তৃণমূল পর্যায়ে সচেতনতা বাড়ানো।

সেমিনারে প্রতিবন্ধী নারীদের ক্ষমতায়নে করণীয় বিষয়ে সুপারিশ হিসেবে বক্তারা বলেন, সরকারি-বেসরকারি পর্যায়ে প্রতিবন্ধী নারীদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় তাদের চলমান কার্যক্রমে প্রতিবন্ধী নারীদের সুযোগ তৈরি করে দিতে হবে। যানবাহনগুলো প্রতিবন্ধীবান্ধব হতে হবে। প্রতিবন্ধী নারীদের জন্য বেসরকারি সংস্থা, ব্যাংক এবং সরকারি ব্যাংক থেকে ঋণ পাওয়ার সুযোগ করে দিতে হবে। যাতে তারা ক্ষুদ্র ব্যবসার সাথে জড়িত হয়ে স্বাবলম্বী হতে পারে।

**ব্যাংক ঋণের সুযোগসহ তাদের সাফল্যের কথা গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা রাখতে হবে**

বক্তারা আরো বলেন, জাতীয় সংসদে প্রতিবন্ধী নারীদের জন্য সংরক্ষিত আসন রাখতে হবে; যাতে তারা নিজেদের প্রতিনিধিত্ব করতে পারে। প্রতিবন্ধী এন্টারপ্রেনর নারীদের মার্কেট-এর সাথে যোগাযোগ করিয়ে দিতে হবে। এফবিসিসিআই, বিজিএমইএ, বিএফএফ প্রতিবন্ধী নারীদের কাজের সুযোগ দিতে হবে। ইলেকট্রনিক এবং প্রিন্টিং মিডিয়াকে প্রতিবন্ধী নারীদের সাফল্যের কথা বেশি করে তুলে করতে হবে। যা দেখে অন্য প্রতিবন্ধী নারীসহ তাদের অভিভাবকরা অনুপ্রাণিত হন।

সেমিনারে বিশেষ অতিথি ছিলেন কৃষিবিদ মোঃ খাইরুল আলম প্রিন্স, কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক (ভোকেশনাল) ড. মোঃ নুরুল ইসলাম, ইউএসএআইডি বাংলাদেশ-এর প্রোগ্রাম ডেভেলপমেন্ট স্পেশালিস্ট শাহীন বিন সিরাজ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডিসিএফ-এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক নাসরীন জাহান।

সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন এ্যাকসেস বাংলাদেশ-এর নির্বাহী পরিচালক এ্যালবার্ট মোল্লাহ। সেমিনার পরিচালনা করেন টার্নিং পয়েন্ট-এর নির্বাহী পরিচালক জীবন উইলিয়াম গোমেজ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
স্বাক্ষর